# ২০২৪
# বাংলা
## (প্রোগ্রাম)
## জেনেরিক ইলেকটিভ
## (সি বি সি এস পদ্ধতি অনুযায়ী পুরাতন পাঠক্রম)
## পঞ্চম সেমেস্টার
## কোর্স কোড : BNGG-GE-T-1
## (বাংলা রঙ্গমঞ্চ ও নাটক)
## [পুরাতন পাঠক্রম]

পূর্ণমান : ৬০ সময় : ২.৩০ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যা প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) অটলের পিতার নাম কী? গোকুলবাবু অটলের কে হন?

খ) 'তুই ভাই এত রঙ্গও জানিস?'—কে, কাকে 'ভাই' সম্বোধন করে একথা বলেছে?

গ) 'অচলায়তন' কোন্ শ্রেণির নাটক? এই শ্রেণির আর দুটি বাংলা নাটকের নাম লেখো।

ঘ) "আমি আচার-অনুষ্ঠান কিছুই জানি নে, আমি আপনাকেই জানি"—কে, কাকে উদ্দেশ করে একথা বলেছে?

[পরপৃষ্ঠায়]

ঙ) পৌরাণিক নাটকের দুটি বৈশিষ্ট্য লেখো।

চ) 'আমাকে মহাতামস ব্রত করাও'— কোন্ রচনায়, কে একথা বলেছে?

ছ) মন্মথ রায়ের দুটি একাঙ্ক নাটকের নাম লেখো।

জ) কার লেখা, কোন্ নাটকের ইংরেজি অনুবাদের সূত্রে মাইকেল মধুসূদন দত্তের বাংলা সাহিত্যে প্রবেশ ঘটে?

ঝ) দুটি বাংলা প্রহসনের নাম লেখো।

ঞ) দ্বিজেন্দ্রলাল রায়ের দুটি ঐতিহাসিক নাটকের প্রকাশকাল সহ নাম লেখো।

ট) দুটি বাংলা সামাজিক নাটকের নাম লেখো।

ঠ) বেঙ্গলী থিয়েটার কবে প্রতিষ্ঠিত হয়? এখানে অভিনীত 'কাল্পনিক সংবদল' নাটকটি কোন্ নাটক অনুসরণে রচিত হয়?

ড) বাগবাজার অ্যামেচার থিয়েটারের সঙ্গে যুক্ত দু'জন অভিনেতার নাম লেখো।

ঢ) ন্যাশনাল থিয়েটার কবে প্রতিষ্ঠিত হয়? এখানে অভিনীত প্রথম নাটকের নাম কী?

ণ) 'সধবার একাদশী' কে রচনা করেন? তাঁর লেখা আর দুটি নাটকের নাম লেখো।

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) বেলগাছিয়া নাট্যশালার অবদান ও গুরুত্ব সম্পর্কে সংক্ষেপে লেখো।

খ) 'সধবার একাদশী' নাটকের নিমচাঁদ চরিত্রটি সংক্ষেপে বিশ্লেষণ করো।



গ) 'অচলায়তন' নাটকের সুভদ্র চরিত্রের ভূমিকা সংক্ষেপে বিশ্লেষণ করো।

ঘ) 'সধবার একাদশী' প্রহসন হিসেবে কতখানি সার্থক তা যুক্তিসহ সংক্ষেপে আলোচনা করো।

ঙ) ঐতিহাসিক নাটকের সংজ্ঞা ও বৈশিষ্ট্য লেখো।

চ) বেঙ্গলী থিয়েটারের অবদান সংক্ষেপে লেখো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) 'সধবার একাদশী' নাটকের সংলাপ রচনায় নাট্যকারের কৃতিত্ব সংক্ষেপে আলোচনা করো।

খ) পৌরাণিক নাটকের সংজ্ঞা দাও। এই সংজ্ঞার আলোকে একটি সার্থক বাংলা পৌরাণিক নাটক সম্পর্কে আলোচনা করো। ২+৮=১০

গ) 'অচলায়তন' নাটকের নামকরণের সার্থকতা বিচার করো।

ঘ) ন্যাশনাল থিয়েটারের প্রতিষ্ঠা ও তার প্রথম পর্বের কার্যকলাপ সম্পর্কে আলোচনা করো।

———